



# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং-/ চুয়েট/ ভিসি অফিস/ কোঅর্ডিনেশন-৩৩/ ১১১২

১৫ চৈত্র, ১৪৩১ বঙ্গাব্দ  
০৮ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ

## --: বাংলা নববর্ষ-১৪৩২ উদযাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি:-


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশনা অনুসরণে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর ব্যবস্থাপনায় আগামী ০১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ, ১৪ এপ্রিল, ২০২৫ খ্রি:, সোমবার, বাংলা নববর্ষ নানা আয়োজনে উদযাপিত হবে। অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মাহমুদ আব্দুল মতিন ভূইয়া উক্ত দিবসের অনুষ্ঠানসমূহে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন। এ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং ছাত্রছাত্রীদেরকে উক্ত দিবসে নিম্নোক্ত কর্মসূচিগুলোতে অংশগ্রহণপূর্বক অনুষ্ঠানমালাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

### কর্মসূচিসমূহ

ক্রমিক	কর্মসূচিসমূহ	স্থান/আয়োজক	তারিখ ও সময় ১৪/০৪/২০২৫ খ্রি:
১.	বৈশাখী শোভাযাত্রা (জাতীয় সঙ্গীত ও 'এসো হে বৈশাখ' গান পরিবেশনের মাধ্যমে শুরু)	প্রশাসনিক ভবন-২ এর সামনে থেকে	সকাল ০৮:৩০ ঘটিকা
২.	ঘুড়ি উড়ানো উৎসব	স্থান: কেন্দ্রীয় খেলার মাঠ আয়োজক: ছাত্রকল্যাণ অধিদপ্তর ও স্টাফ ওয়েলফেয়ার কমিটি	বিকাল ০৪:০০ ঘটিকা

বি:দ্র: কর্মসূচিতে অংশগ্রহণের নিমিত্তে চট্টগ্রাম শহর থেকে একটি গাড়ি সকাল ০৭:৩০ ঘটিকায় চুয়েট ক্যাম্পাসের উদ্দেশ্যে ছেড়ে আসবে এবং আবাসিক এলাকা থেকে গমনাগমনের সুবিধার্থে উত্তর গোল চত্বর থেকে আরেকটি গাড়ি সকাল ০৮:১৫ ঘটিকায় ছেড়ে আসবে। বৈশাখী শোভাযাত্রা শেষে উভয় গাড়ি প্রত্যাবর্তন করবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-


  
০৮/০৪/২০২৫  
অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি (সিনিয়রিটির ভিত্তিতে নহে):

- ১। সকল ডীন, সকল ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, অন্যান্য পরিচালক, প্রভোস্ট, অফিস প্রধান, শাখা প্রধান (ইহা তাঁর অফিস ও শাখায় সংশ্লিষ্ট সকলের মাঝে প্রচারের অনুরোধ সহকারে), চুয়েট।
- ২। পরিচালক (আইআইসিটি), (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে), চুয়েট।
- ৩। প্রধান প্রকৌশলী, চুয়েট (উক্ত দিনে উল্লিখিত সময়সূচি অনুযায়ী সাউন্ড সিস্টেমের মাধ্যমে প্রশাসনিক ভবন-২ এর সম্মুখে জাতীয় সঙ্গীত পরিবেশন এবং বৈশাখী শোভাযাত্রার সময় "এসো হে বৈশাখ" গানটি বাজানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে), ।
- ৪। পরিচালক, যানবাহন অধিদপ্তর (কর্মসূচিতে গমনাগমনের নিমিত্তে যানবাহনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৫। সভাপতি ও সাধারণ সম্পাদক, শিক্ষক সমিতি, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি/ স্টাফ এসোসিয়েশন, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, চুয়েট ক্লাব, কর্মচারী ক্লাব।
- ৬। পিএস টু ভিসি, চুয়েট। (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৭। পিও টু রেজিস্ট্রার, চুয়েট। (রেজিস্ট্রার মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৮। সংরক্ষণ নথি।

  
০৮/০৪/২৫  
মোহাম্মদ ফজলুর রহমান

উপ-পরিচালক (জনসংযোগ)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।